গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ শাখা
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১১০.২০.০২৬.২০২৬- ১৪৯ | তারিখ: ০৮/৮/২০২৬খ্রি.

## বিজ্ঞপ্তি

**বিষয়: মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষকের জন্য সাইবার নিরাপত্তা বিষয়ে অনলাইন শিক্ষক প্রশিক্ষণ কোর্স সম্পন্নকরণ এবং সনদ অর্জনের নির্দেশনা সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) শিক্ষকদের সাইবার নিরাপত্তা বিষয়ে পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিসেফের কারিগরি সহায়তায় একটি অনলাইন শিক্ষক প্রশিক্ষণ কোর্স চালু করেছে। উক্ত প্রশিক্ষণ কোর্সটি https://itlms.naem.gov.bd/my/scorm-courses লিংকে পাওয়া যাবে। শিক্ষকবৃন্দ তাঁদের নিজ নিজ পিডিএস আইডি দিয়ে লগইন অথবা রেজিস্ট্রেশন করে এই কোর্সে যুক্ত হতে পারবেন। মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষকদের আগামী **৩০ সেপ্টেম্বর, ২০২৬** তারিখের মধ্যে উক্ত লিংকে প্রবেশ করে কোর্সটি সম্পন্ন করে সার্টিফিকেট ডাউনলোড করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

**বিশেষ নির্দেশনা:**

১. অনলাইন ইন্টারেকটিভ কোর্সটি সম্পন্ন করার এক পর্যায়ে (৬ষ্ঠ মডিউলে) শিক্ষার্থী সম্পৃক্ত করে একটি শ্রেণি কার্যক্রম (Activity) পরিচালনার উল্লেখ রয়েছে। শিক্ষকবৃন্দ উক্ত কার্যক্রম সম্পন্ন করে তার ছবি/ভিডিও নির্ধারিত লিংকে শেয়ার করবেন। এক্ষেত্রে যাবতীয় নির্দেশনা অনলাইন প্ল্যাটফর্মে দেয়া আছে।

২. সাইবার নিরাপত্তা বিষয়ক অনলাইন কোর্সের নির্ধারিত ৬টি মডিউল (একটি বাস্তব শ্রেণি কার্যক্রমসহ) সম্পন্ন করে শিক্ষকবৃন্দ মাউশি ও নায়েম-এর মহাপরিচালক মহোদয়দের স্বাক্ষরিত সনদ (Certificate) অনলাইন থেকে সংগ্রহ করবেন। উক্ত অনলাইন প্রশিক্ষণটি সময়মতো সম্পন্ন করার বিষয়ে প্রয়োজনীয় সহায়তার জন্য সকল প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৮/০৮/২৬

(এস. এম. সাইফুল ইসলাম)
আইডি-১৫২৩২
সহকারী পরিচালক (প্রশিক্ষণ-১)
ফোন: ০২-৪১০৫০৬১৮
মোবাইল : ০১৭১২৬৩১১৩৩

CamScanner

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জেলা শিক্ষা অফিসার (সকল)

২. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

৩. মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান প্রধান (সকল - মাধ্যমিক/কারিগরি/মাদ্রাসা)

**সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৩. মহাপরিচালক, নায়েম (NAEM), ঢাকা।

৪. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৫. পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৬. সংরক্ষণ নথি।

৭. পরিচালক প্রশিক্ষণ শাখা

CamScanner